


“দরপত্র বিজ্ঞপ্তি”

০১.০৭.২০২২-৩০.০৬.২০২৪ মেয়াদের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন ভিজিডি কর্মসূচি খাতে পুষ্টিচাল বিতরণের নিমিত্ত এলএসডি/সিএসডি হতে সাধারণ চাল ও প্রিমিক্স কার্নেল উত্তোলনকরত মিশ্রণ মিলে পরিবহণ করে সাধারণ চালের সাথে প্রিমিক্স কার্নেল যথাযথ প্রক্রিয়ায় মিশ্রণকরত ইউনিয়ন পরিষদ চত্বরে পুষ্টিচাল পরিবহনের জন্য মোট ১৫৫টি উপজেলার বিপরীতে মিশ্রণ মিল নির্বাচনের লক্ষ্যে উন্মুক্ত দরপত্র আহ্বান করা যাচ্ছে:

১	মন্ত্রণালয়/বিভাগঃ	খাদ্য মন্ত্রণালয়;
২	সংস্থঃ	খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৩	সংগ্রাহক সত্তার নামঃ	পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৪	সংগ্রাহক সত্তার জেলাঃ	ঢাকা;
৫	যে কাজের জন্য দরপত্রঃ	মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন ভিজিডি কর্মসূচি খাতে পুষ্টিচাল বিতরণের নিমিত্ত এলএসডি/সিএসডি হতে সাধারণ চাল ও প্রিমিক্স কার্নেল উত্তোলনকরত মিশ্রণ মিলে পরিবহণ করে সাধারণ চালের সাথে প্রিমিক্স কার্নেল যথাযথ প্রক্রিয়ায় মিশ্রণকরত: মিলারের বিক্রয় কেন্দ্রে পুষ্টিচাল পরিবহনের জন্য ১৫৫টি উপজেলার বিপরীতে মিশ্রণ মিল নির্বাচন।
৬	দরপত্রের বিজ্ঞপ্তি নং ও তারিখঃ	১৩.০১.০০০০.০৫১.৫৭.০২৬.২২.৪৪১, তারিখঃ ০৮/০৫/২০২২ খ্রি.
৭	দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখঃ	০৯/০৫/২০২২ খ্রি.
৮	সংগ্রহ পদ্ধতিঃ	উন্মুক্ত দরপত্র পদ্ধতি;
৯	বাজেট ও তহবিল সূত্রঃ	রাজস্ব বাজেট, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার;
১০	দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখঃ	২৩/০৫/২০২২ খ্রি.;
১১	দরপত্র বিক্রয়কারীর দপ্তর	পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ এর দপ্তর, কক্ষ নং-৪০১, ৫ম তলা, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
১২	দরপত্র গ্রহণের তারিখ ও সময়ঃ	২৪/০৫/২০২২ খ্রি. তারিখ বেলা ২:০০ ঘটিকা পর্যন্ত;
১৩	দরপত্র গ্রহণের স্থানঃ	২০২ নং কক্ষ, ৩য় তলা, খাদ্য ভবন, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা;
১৪	দরপত্র খোলার তারিখ ও সময়ঃ	২৪/০৫/২০২২ খ্রি. তারিখ বেলা ২:৩০ ঘটিকা;
১৫	দরপত্র উন্মুক্তকরনের স্থানঃ	২০২ নং কক্ষ, ৩য় তলা, খাদ্য ভবন, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা;
১৬	প্রাক-দরপত্র সভার তারিখ ও সময়ঃ	১৭/০৫/২০২২খ্রি. তারিখ বেলা ১১.০০ ঘটিকা;
১৭	প্রাক-দরপত্র সভার স্থানঃ	সভা কক্ষ, ৭ম তলা, খাদ্য ভবন, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০;
১৮	দরপত্রের মেয়াদকালঃ	দরপত্র খোলার তারিখ হতে ১২০ (একশত বিশ) দিন;
১৯	দরপত্র দাতার অভিজ্ঞতা:	(ক) সাধারণ চালের সাথে কার্নেল মিশ্রণের কমপক্ষে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। সাধারণ চালের সাথে প্রিমিক্স কার্নেল মিশ্রণের অভিজ্ঞতা সম্পন্ন মিলাররা ইতোপূর্বে সঠিকভাবে মিশ্রণ কার্যক্রম সম্পাদন করেছেন মর্মে সংশ্লিষ্ট কারিগরি খাদ্য পরিদর্শক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক স্বাক্ষরিত স্বীকৃতিপত্র দাখিল করতে হবে; অথবা (খ) যে সকল মিশ্রণ মিলের সাধারণ চালের সাথে কার্নেল মিশ্রণের বাস্তব অভিজ্ঞতা নেই তাদের বৈধতা যাচাই কমিটি কর্তৃক ভেলিডেশনে উত্তীর্ণ হতে হবে এবং ভেলিডেশন যাচাই সার্টিফিকেট দাখিল করতে হবে;
২০	দরপত্র দাখিলের নিয়মাবলীঃ	দুই খাম পদ্ধতিতে দরপত্র দাখিল করতে হবে। মিলারের যোগ্যতা বিষয়ক কারিগরি প্রস্তাব এবং আর্থিক প্রস্তাব ২টি ভিন্ন খামে সিলগালা করে কারিগরি প্রস্তাবের খামের উপরিভাগের মধ্যখানে “কারিগরি প্রস্তাব” এবং আর্থিক প্রস্তাবের খামের উপরিভাগের মধ্যখানে “আর্থিক প্রস্তাব” লিখতে হবে। উভয় খামের ডান দিকে পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা এবং বাম দিকে প্রতিষ্ঠানের নাম ঠিকানা লিখতে হবে। ২টি খাম একত্র করে অপর একটি বড় খামে সিলগালা করে দাখিল করতে হবে। খামের ডান দিকে পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা ও বাম দিকে প্রতিষ্ঠানের নাম ঠিকানা খামের উপরিভাগে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। এছাড়াও কর্মসূচির নাম ও উপজেলার নাম খামের উপর মাঝখানে স্পষ্টভাবে লিখতে হবে;
২১	দরপত্র সিডিউলের মূল্যঃ	১,০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য);
২২	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার নাম, পদবী ও ঠিকানা, ফোন, ই-মেইলঃ	মোঃ আনিসুজ্জামান, পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০; ফোনঃ ০২-৪১০৫০০৯১; ই-মেইলঃ dsdm@dgfood.gov.bd
২৩	কাজের সময়কালঃ	০১.০৭.২০২২ হতে ৩০.০৬.২০২৪
২৪	দরপত্র জামানতঃ	২০,০০০/- (বিশ হাজার) টাকা;
২৫	পণ্যের নিরাপত্তা জামানত	চালের ১০০% অর্থনৈতিক মূল্যের সমপরিমাণ অর্থ
২৬	এ দরপত্র পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুযায়ী পরিচালিত হবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংগ্রাহক সত্তা এ নোটিশ বাতিল বা পরিবর্তন বা যে কোন বা সকল দরপত্র গ্রহণ/প্রত্যাহান/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।	


০৬/০৫/২০২২
মোঃ আনিসুজ্জামান
পরিচালক
ফোনঃ ০২-৪১০৫০০৯১
dsdm@dgfood.gov.bd